// সমৃদ্ধি বার্তা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহায়তায় ও কোস্ট ফাউন্ডেশন পরিচালিত কুতুবদিয়া উপজেলার উত্তর ধূরুং ইউনিয়নে **সমৃদ্ধি** (ENRICH) কর্মসূচির মাসিক প্রকাশনা।

৮ম বর্ষ, ৭৯ তম সংখ্যা — মার্চ'২০২৩

## সমৃদ্ধির সাথে যুক্ত হয়ে স্বাবলম্বী জান্নাতুল ফেরদৌস



*ছবি সংগ্রহে: মো: দিদারুল ইসলাম-৩০/০১/২০২২ ইং তারিখ*

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরুং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে উত্তর ধুরুং ইউনিয়নের ৫০ টি বাড়ি সমৃদ্ধি করা হয়। উক্ত ইউনিয়নের ৮নং ওয়ার্ডের মদন মিয়াজীর পাড়া গ্রামে এ রকম ১টি বাড়ির মালিকের নাম জান্নাতুল ফেরদৌস। তার স্বামী ছৈয়দ আহাম্মদ, তাদের ৩ ছেলে ২ মেয়ে নিয়ে মোট পরিবারের সদস্য ৭ জন- কিন্তু তাদের বাড়ীর একমাত্র আয়ের উৎস ছিলো স্বামী ছৈয়দ আহাম্মদ, কারণ তাদের ছেলে মেয়ে সবাই পড়ালেখা যুক্ত ছিলো। স্বামী ছৈয়দ আহাম্মদ এর আয়ের উৎস মোটামুটি ভালো ছিলো, তিনি কৃষি কাজ করে এবং লবণের মাঠের সময় লবণের মাঠ করে টাকা আয় করেন ভালো। তারপরও একজনের আয়ের উপর সবার পড়া লেখার খরচ, চিকিৎসার খরচ, খাওয়া দাওয়াসহ সকল প্রকার খরচ বহন করতে হিমশিম খেয়ে যেতো। একদিন তাদের পাশের বাড়ীতে কাজ করতে গিয়ে- তাদের পরিবারের সমস্যা জানালে, তাদের বাড়িটি ২০১৭ সালে কোস্ট ফাউন্ডেশন কতৃর্ক সমৃদ্ধি বাড়ির তালিকাভুক্ত করা হয়। সে সময়ে তার বাড়িতে কিছু হাঁস মুরগী লালন পালন করতো। গরু, ছাগল, কবুতর, শাকসবজি, ফলজ গাছ, পুকুরে মাছ চাষ, ঔষধী গাছ তেমন কিছুই ছিল না। সমৃদ্ধি বাড়ি তালিকাভুক্ত করার পর উদ্যোগ উন্নয়ন কর্মকর্তার পরামর্শে গরু, ছাগল, কবুতর, পুকুরে মাছ চাষসহ, সমৃদ্ধি বাড়ীতে ফলজ গাছের চারা রোপন করে সঠিক পর্যাবেক্ষণ করতে থাকেন। বর্তমানে তার বাড়িতে ৩গরু, ৬ জোড়া কবুতর, পুকুরে মাছ, বাড়িতে ফলজ চারায় ভরপুর। মৌসুম ভিত্তিক ফলজ গাছ থেকে অনেক ফলমূল পাচ্ছেন। তিনি প্রতি মাসে মৌসুমী ফল ও দুধ বিক্রি করে ৬ থেকে ৮ হাজার টাকা বাড়তি আয় করেন জান্নাতুল ফেরদৌস। তাছাড়া তিনি আমাদের মাধ্যমে কোস্ট ফাউন্ডেশন ধুরুং শাখা হতে ইনকাম জেনারেশন একটিভিটি খ্যাত থেকে ১ লক্ষ টাকা ঋন গ্রহন করেন, উক্ত টাকা দিয়ে তিনি একটা গাভী ক্রয় করার কাজে ব্যবহার করেন। ছৈয়দ আহাম্মদ জানান, মৌসুম ভিত্তিক ফল, গরু দুধ, কবুতর, হাস মুরগী, পুকুরে মাছ চাষ থেকে বাড়তি আয়ে তার পরিবারের অনেক খরচ স্ত্রী জান্নাতুল ফেরদৌস নিজে বহন করতে পারছে। তাদের পরিবার জানান অতিরিক্ত আয় তাদের পরিবারের সদস্যদের লেখা পড়ার খরচ বহন করতে সহায়ক হিসাবে ভূমিকা রাখছে। তাছাড়া তার পরিবারের ভিটামিন ও সুষম খাদ্যের ভাল যোগান ও হচ্ছে। সব মিলিয়ে খুব ভালই দিন যাচ্ছে ছৈয়দ আহাম্মদ এর পরিবারের। সর্বশেষ তাদের পরিবার ও ছৈয়দ আহাম্মদ নিজে কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগ উন্নয়ন কর্মর্কতা- জনাব, ফরিদ উদ্দিনকে সহ কোস্ট পরিবারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## স্বাস্থ্যক্যাম্পের হতে (এমবিবিএস) ডাক্তারের চিকিৎসা সেবা নিয়ে সুস্থ তানিশা জান্নাত (০৯)

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরুং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত ১নং উত্তর ধূরুং ইউনিয়নের নয়া কাটা গ্রামের ১নং ওয়ার্ডে বসবাস করেন তানিশা জান্নাত (০৯) বছর বয়স। তাহার পিতার বদিউল আলম- তাহার মাতা লাকী আকতারসহ পরিবারের মোট ৫জন সদস্য। তাদের পরিবারে একমাত্র আয়ের উৎস বদিউল আলম। সে সাগওে মাছ মারা এবং দিন মুজিরী হিসাবে কাজ করেন। তাহার ১ মাত্র মেয়ে তানিশা জান্নাত বর্তমানে ৩য় শ্রেণীতে অধ্যয়নরত রয়েছেন। তাদের ছোট ছোট ২ ভাই রয়েছে, এখনো স্কুলে যাওয়ার সময় হয় নি। একমাত্র পিতা বদিউল আলম- তিনিই আয়ের উৎস। একমাত্র তাহার আয়ের উপর সংসারের যাবতীয় খরছ চালিয়ে শিক্ষা, চিকিৎসার খরচ বহন করতে হিমশিম খেয়ে যায়। যার কারনে অনেক সময় দেখা যায় পরিবারের কেউ অসুস্থ হলে এলাকার দোকান থেকে ঔষুধ সেবন করে জীবন পরিচালনা করতে হয়। দেখা যায় স্থানীয় দোকান থেকে ঔষুধ সেবনে কোন সুফল না পেয়ে নয়াকাটা গ্রামের আমাদের স্বাস্থ্য পরির্দশক খানা পরির্দশনে গেলে দেখা যায় তানিশা জান্নাত শারিরীক অসুস্থ বিষয় জানান, ৪ দিন যাবৎ অসুস্থ হয়ে পড়ে আছেন চর্ম রোগের  সমস্যা নিয়ে। তাহার থেকে জানতে চাইলে তিনি জানান ভালো কোন ডাক্তার দেখায়নি, তাহার মা নিজে স্থানীয় ঔষুধের দোকানে থেকে কিছু ঔষুধ নিয়ে সেবন করে বলে জানান, এতে তাহার সমস্যার কোন উন্নতি না হলে, অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে অসুস্থ অবস্থায় খুব বেশী চিন্তিত হয়ে পড়েন। এই সময় কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির

১নং ওয়ার্ডে স্বাস্থ্য পরিদর্শকা- তাহাকে আমাদের কোস্ট ফাউন্ডেশন পরিচালিত স্বাস্থ্যক্যাম্পে নিয়ে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী মাতা লাকী আক্তারকে গত ১৫ই ডিসেম্বর ২০২২ ইং তারিখ মেয়ে তানিশা জান্নাতকে নিয়ে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ডাক্তার জনাবা জয়নাব বেগম-(এমবিবিএস) তাহাকে দেখে কিছু ঔষুধ ও পরার্মশ মূলক চিকিৎসা সেবা প্রদান করেন। গত ১৯/০২/২০২৩ ইং তারিখ তাদের এলাকায় খানা পরির্দশন করতে গিয়ে, অসুস্থ তানিশা জান্নাতের শারীরিক অবস্থার খবর নেওয়া হয়। খবর নিয়ে দেখা যায় তাহারা চিকিৎসকের পরামর্শ অনুযায়ি নিয়মিত ঔষুধ সেবনে সুস্থ হয়ে ওঠেন। চিকিৎসা সেবা নিয়ে সন্তুষ্ট হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরির্দশকা শারমিন আক্তার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।




*ছবি সংগ্রহে: মো: শাহিনুর রহমান-১৫/১২/২০২২ ইং তারিখ*

## স্যাটেলাইট হতে চিকিৎসা সেবা নিয়ে সুস্থ শিশু জাহেদ (৫)

সাগরদ্বীপ উপজেলা কুতুবদিয়া উত্তর ধুরং ইউনিয়নে পল্লী র্কম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় কোস্ট ফাউন্ডেশন এর বাস্তবায়নে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত ১নং উত্তর ধূরুং ইউনিয়নের চাদের ঘোনা ৪নং ওয়ার্ডে বসবাস করেন জুবাইরের ছেলে মো: জাহেদ (৫) বছর বয়স। তাহার মাতা মোছাম্মৎ তারজিনা আক্তার। তাদের সংসারে ২ ছেলে ১ মেয়ে মিলে ৫ জন সদস্য নিয়ে তাহার পরিবার। তাহাদের একমাত্র মেয়ে তিনি ৪র্থ শ্রেণীতে অধ্যয়নরত রয়েছেন, বড় ছেলে মো: জাহেদ স্কুলে জাওয়া শুরু করেছে, এবং সে নার্সারিতে পড়ছে।




*ছবি সংগ্রহে: মো: শাহিনুর রহমান- ০৯/০২/২০২৩ ইং তারিখ*

তাহাদের পরিবারে একমাত্র আয়ের উৎস পিতা মো: জুবাইর। তিনি সাগওে মাছ মারা এবং লবণের মাঠের সময় লবণের মাঠে কাজ করে সংসারের যাবতীয় খরছ পরিচালনা করতে হয়। একমাত্র তাহাদের আয়ের উপর সংসারের যাবতীয় খরছ চালিয়ে শিক্ষা, চিকিৎসার খরচ বহন করতে হিমশিম খেয়ে যায়। যার কারনে অনেক সময় দেখা যায় পরিবারের কেউ অসুস্থ হলে এলাকার দোকান থেকে ঔষুধ সেবন করে জীবন পরিচালনা করতে হয়। দেখা যায় স্থানীয় দোকান থেকে ঔষুধ সেবনে কোন সুফল না পেয়ে জহির আলী সিকদার পাড়া গ্রামের আমাদের স্বাস্থ্য পরির্দশক জোসনা আরা খানা পরির্দশনে গেলে মোঃ জাহেদের শারীরিক অসুস্থ খবর জানতে পারেন, তাহার শারীরিক অসুস্ততার বিষয় জানতে চাইলে প্রায় ১মাসের বেশি দিন যাবৎ অসুস্থ হয়ে কান দিয়ে পুইচ পড়ে আসছে বলে জানান। তাহার মাতা তারজিনা আকতার থেকে জানতে চাইলে তিনি জানান ভালো কোন ডাক্তার দেখায়নি, তিনি স্বামীকে দিয়ে স্থানীয় ঔষুধের দোকানে থেকে কিছু ঔষুধ নিয়ে সেবন করে বলে জানান, এতে কানের সমস্যার কোন উন্নতি না হলে, অভাবের সংসারে নিত্যদিনের খরচ মিঠিয়ে ভালো কোন ডাক্তার দেখাতে না পেরে অসুস্থ অবস্থায় খুব বেশী কষ্ট পাচ্ছেন তাদের পরিবার। এই সময় কোস্ট ফাউন্ডেশন সমৃদ্ধি কর্মসূচির ৪নং ওয়ার্ডে স্বাস্থ্য পরির্দশক- জোসনা আরা- তাহাকে আমাদের কোস্ট ফাউন্ডেশন (এমবিবিএস) চিকিৎসকের দ্বারা পরিচালিত ফ্রি স্যাটেলাইট ক্লিনিকে যাওয়ার পরার্মশ দেন। পরার্মশ অনুযায়ী গত ৯ই ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ নিয়ে যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ডা: হোসাইন মোহাম্মদ জুনাইদ (আনসারি) তাহাকে দেখে কিছু ঔষুধ ও পরার্মশ মূলক চিকিৎসা সেবা প্রদান করেন। গত ২৬/০২/২০২৩ ইং তারিখ তাদের এলাকায় খানা পরির্দশন করতে গিয়ে, অসুস্থ মোঃ জাহেদের এর কানের অবস্থার খবর নেওয়া হয়। খবর নিয়ে দেখা যায় তাহারা চিকিৎসকের পরামর্শ অনুযায়ি নিয়মিত ঔষুধ সেবনে কানের সমস্যার উন্নতি দেখা দিয়েছে। চিকিৎসা সেবা নিয়ে সন্তুষ্ট হয়ে কোস্ট ফাউন্ডেশন এর প্রতি এবং স্বাস্থ্য পরির্দশক জোসনা আরার এর প্রতি কৃতজ্ঞা প্রকাশ করেন।

আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে । মো: দিদারুল ইসলাম, সমৃদ্ধি-কর্মসূচি সমন্বয়কারী মোবাইল-০১৭১৩-৩৬৭৪৪২ কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধূরুং ইউনিয়ন পরিষদ, ৩য় তলা, কুতুবদিয়া, কক্সবাজার।
didarmd@coastbd.net, web- www.coastbd.net **COAST Has Special Consultative Status With UN ECOSOC**